সিগন্যালের পাঁচকাহন

ব্যবহারকারীর ব্যক্তিগত নিরাপত্তা ইস্যুতে সমালোচনার মুখে পড়েছে হোয়াটসঅ্যাপ। এমন অবস্থায় অনেকেই হোয়াটসঅ্যাপ ছেড়ে অন্য ইনস্ট্যান্ট মেসেজিং অ্যাপ ব্যবহারের পরিকল্পনা নিয়েছেন। বিকল্প অ্যাপগুলির মধ্যে অন্যতম হল সিগন্যাল। এমনকি টেসলার কর্ণধার এলন মাস্কও টুইট করেছেন এই অ্যাপের নাম নিয়ে। এই অ্যাপের পাঁচটি বিশেষ ফিচারের কথা তুলে ধরল টেকনোবিটস।

স্ক্রিন লক

ফোনে লক না রাখলেও সিগন্যালের জন্য বিশেষ স্ক্রিন লক রাখা যায়। সেক্ষেত্রে অ্যাপ খোলার জন্য পিন নম্বর বা বায়োমেট্রিক পাসওয়ার্ড (যেমন– আঙুলের ছাপ) দিতে হবে। ফলে ব্যবহারকারী তাঁর ফোন অন্য কারও হাতে দিলেও, তাঁরা অ্যাপে ঢুকে মেসেজ পড়তে পারবেন না। এই ফিচার অন করার জন্য অ্যাপে সেটিংসের মধ্যে থাকা প্রাইভেসিতে গিয়ে স্ক্রিন লক অপশনে ট্যাপ করতে হবে।

নোটিফিকেশনে বাঁধ

এখন অনেকেই হোয়াটসঅ্যাপ বাদ দিয়ে সিগন্যালে যোগ দিচ্ছেন। ফলে ব্যবহারকারীর কাছে প্রতি মুহূর্তেই ফোনের কনট্যাক্ট লিস্টে থাকা নম্বরের সিগন্যালে যোগ দেওয়ার নোটিফিকেশন যাচ্ছে। যদিও এই ধরনের নোটিফিকেশন বন্ধ করারও ফিচার আছে এই অ্যাপে। ফলে ব্যবহারকারী অপ্রয়োজনীয় নোটিফিকেশনের ভিড়ে বিরক্ত হবেন না। সেটিংসের মধ্যে থাকা নোটিফিকেশনে গিয়ে কনট্যাক্ট জয়েনড সিগন্যাল অপশনটি অফ করে দিলেই এই ধরনের নোটিফিকেশন আর ব্যবহারকারীকে বিরক্ত করবে না।

ফোটো ব্লার

কোনও ছবি পাঠানোর আগে তার এক বা একাধিক অংশ ব্লার বা আবছা করার সুযোগ রয়েছে এই অ্যাপে। ফলে ব্যবহারকারী কোনও ছবি পাঠানোর আগে অপ্রয়োজনীয় অংশ বা কারও মুখ ঢেকে দিতে পারেন। অন্য অ্যাপের ক্ষেত্রে ছবিতে এই ধরনের এডিট আগে করতে হয়। কিন্তু সিগন্যালে অ্যাপের মধ্যেই এমন এডিট করা যায়। এতে স্বয়ংক্রিয়ভাবে ফেস ব্লার করা যায়, চাইলে ছবির অন্য অংশও ব্লার করা সম্ভব। এজন্য চ্যাটবক্সে প্লাস (+) চিহ্নে গিয়ে পাঠানোর জন্য ছবি বেছে নিতে হবে। এরপর ব্লার বাটনে ট্যাপ করতে হবে। গোল এই বাটনটির মধ্যে কালো ও সাদা রং রয়েছে। এরপর ব্লার ফেস অপশনে ট্যাপ করতে হবে। ছবির অন্য অংশ ব্লার করার জন্য আঙুল দিয়ে সেই অংশগুলি টাচ করতে হবে।

ডিস্যাপিয়ারিং মেসেজ

ব্যক্তিগত নিরাপত্তা রক্ষার জন্য সিগন্যালে সময় নির্দিষ্ট করে মেসেজ পাঠানো সম্ভব। ঠিক করে দেওয়া সময়ের পরে ওই মেসেজ নিজে থেকেই মুছে যায়। হোয়াটসঅ্যাপে সম্প্রতি এই ফিচার যোগ করা হলেও সিগন্যালে তা আগে থেকেই আছে। নির্দিষ্ট সময়ের পরে মেসেজটি মুছে যাওয়ায় গোপনীয়তা রক্ষা পায়। কোনও মেসেজে টাইম লিমিট সেট করার জন্য বার্তা গ্রাহকের নামের উপরে ক্লিক করতে হবে। সেখানে যে ডায়লগ বক্স ওপেন হবে তাতে থাকা ডিস্যাপিয়ারিং মেসেজ অপশনে ট্যাপ করে সময় নির্দিষ্ট করে দিতে হবে।

অ্যাটাচমেন্ট দেখায় বাধা

ডিস্যাপিয়ারিং মেসেজে ফিচার ব্যবহারের ক্ষেত্রে একটা সমস্যা রয়েছে। বার্তা প্রেরক ও গ্রাহক যদি আগে থেকে ঠিক করে না রাখেন, তবে সময়সীমা মেনে চলা সমস্যার হয়ে যায়। যেমন কোনও মেসেজে যদি ১ মিনিটের সময়সীমা থাকে, তবে পাঠানোর ১ মিনিটের মধ্যেই গ্রাহককে তা দেখতে হবে। যদিও জরুরি কোনও ছবি বা নথির ক্ষেত্রে এটা সমস্যাজনক।

আবার গোপনীয়তাও রক্ষা করার প্রয়োজন রয়েছে। এমন অবস্থায় চাইলে বার্তা প্রেরক কোনও অ্যাটাচমেন্ট দেখার বিষয়টি নির্দিষ্ট করে দিতে পারবেন। এক্ষেত্রে অ্যাটাচমেন্টটি একবার দেখার পর তা নিজে থেকে মুছে যাবে। ফলে পাঠানোর কয়েকদিন বা সপ্তাহ পরে দেখা হলেও, একবার দেখার পরই অ্যাটাচমেন্ট মুছে যাবে। এক্ষেত্রে ফোটো ব্লার ফিচারের মতো চ্যাটবক্সের প্লাস (+) সাইনে ট্যাপ করার পর অ্যাটাচমেন্টটি বেছে নিতে হবে। তারপর উইন্ডোর নীচে বাঁদিকে কোনায় থাকা ইনফিনিটি আইকনে ট্যাপ করতে হবে। এরপর সেন্ড বাটনে ট্যাপ করে অ্যাটাচমেন্টটি পাঠিয়ে দিলেই হবে।

রিয়ালমি ভি১৫

টিজার প্রকাশিত হয়েছিল আগেই, বিভিন্ন ওয়েবসাইটে ফিচার নিয়ে নানা তথ্যও প্রকাশ পেয়েছে। অবশেষে চিনের বাজারে দেখা মিলল রিয়ালমি ভি ১৫ স্মার্টফোনের। এই ফোনে ৫জি প্রযুক্তি সাপোর্ট করে। এই ফোনে মিডিয়াটেকের ডাইমেনসিটি ৮০০ইউ চিপসেট ব্যবহার করা হয়েছে। ফোনে ৬.৪ ইঞ্চির অ্যামোলেড ডিসপ্লে রয়েছে। ডিসপ্লের উপরে সেলফি ক্যামেরার জন্য পাঞ্চ হোল আছে। এই সিরিজের ফোনে র‌্যামের ক্ষেত্রে ৬ জিবি ও ৮ জিবির অপশন আছে। দুটি ক্ষেত্রেই স্টোরেজ ১২৮ জিবি। তবে মাইক্রোএসডি কার্ডের সাহায্যে এর স্টোরেজ বাড়ানোর কোনও সুবিধা নেই। কারণ ডুয়াল সিমের এই ফোনে মাইক্রোএসডি কার্ডের জন্য কোনও স্লট নেই। ফোনের পেছনে তিনটি ক্যামেরা আছে। এর মধ্যে প্রধান ক্যামেরাটি এফ/১.৮ অ্যাপার্চার বিশিষ্ট ৬৪ মেগাপিক্সেলের সেন্সর। এছাড়া একটি করে ৮ মেগাপিক্সেলের আল্ট্রাওয়াইড লেন্স ও ২ মেগাপিক্সেলের ম্যাক্রো লেন্স আছে। রিয়ালমি ভি ১৫ স্মার্টফোনের সেলফি ক্যামেরাটি ১৬ মেগাপিক্সেলের। ফোনের ব্যাটারি ৪,৩১০ এমএএইচ। একই সঙ্গে এতে ৫০ ওয়াটের ফাস্ট চার্জ সাপোর্ট রয়েছে। কানেক্টিভিটির জন্য এই ফোনে ওয়াই–ফাই, ব্লুটুথ ৫.১, জিপিএস/এজিপিএস ও টাইপ সি ইউএসবি পোর্ট রয়েছে। ডিসপ্লের উপর ফিঙ্গারপ্রিন্ট সেন্সরটি অবস্থিত। পাশাপাশি অ্যাক্সেলেরোমিটার, গাইরোস্কোপ, প্রক্সিমিটি সেন্সর ও অ্যাম্বিয়্যান্ট লাইট সেন্সর রয়েছে। ফোনের ওজন ১৭৬ গ্রাম। অ্যানড্রয়েড ১০ ভিত্তিক রিয়ালমি ইউআই আছে নতুন এই স্মার্টফোনে। রুপোলি ও নীল সহ তিনটি রংয়ে ফোনটি কেনার সুযোগ রয়েছে। প্রি–বুক করা গেলেও এই ফোনের বিক্রি এখনও শুরু করেনি রিয়ালমি।

আইকিও ৭

আইকিও ব্র্যান্ডে নতুন ফ্ল্যাগশিপ স্মার্টফোন লঞ্চ করেছে ভিভো। আইকিও ৭ নামে ওই স্মার্টফোনটি অবশ্য আপাতত শুধু চিনের বাজারেই বিক্রি করবে তারা। এটি ভিভোর প্রথম ফোন যাতে কোয়ালকমের সাম্প্রতিকতম স্ন্যাপড্রাগন ৮৮৮ চিপসেট ব্যবহার করা হয়েছে। অ্যানড্রয়েড ১১ ভিত্তিক অরিজিন ওএস রয়েছে এই ফোনে। ৬.৬২ ইঞ্চির অ্যামোলেড ডিসপ্লে আছে আইকিও ৭ স্মার্টফোনে। ডিসপ্লের রিফ্রেশ রেট ১২০ হার্টজ। আপাতত ৮ জিবি র‌্যাম ও ১২৮ জিবি স্টোরেজ এবং ১২ জিবি র‌্যাম ও ২৫৬ জিবি স্টোরেজের দুটি মডেল লঞ্চ করা হয়েছে। এর র‌্যাম এলপিডিডিআর৫ সিরিজের। ফোনের পেছনে তিনটি ক্যামেরা আছে। এর মধ্যে প্রাইমারি ক্যামেরাটি ৪৮ মেগাপিক্সেলের। এর অ্যাপার্চার এফ/১.৭৯। এছাড়া ১৩ মেগাপিক্সেলের দুটি লেন্স আছে। এর মধ্যে একটি আল্ট্রাওয়াইড অ্যাঙ্গেল লেন্স, অন্যটি পোট্রেট সেন্সর। সেলফি ও ভিডিও কলিংয়ের জন্য আইকিও ৭ স্মার্টফোনের সামনে ১৬ মেগাপিক্সেলের একটি ক্যামেরা আছে। ফোনে ২ হাজার এমএএইচের দুটি ব্যাটারি রয়েছে। অর্থাৎ ব্যাটারির মোট ক্ষমতা ৪,০০০ এমএএইচ। এর সঙ্গেই ১২০ ওয়াটের ফাস্ট চার্জ সাপোর্ট রয়েছে। কানেক্টিভিটির জন্য এই ফোনে ৫জি, ৪জি ভিওএলইটি, ওয়াইফাই ৬, ব্লুটুথ ৫.২, জিপিএস/এজিপিএস, এনএফসি এবং টাইপ সি ইউএসবি পোর্ট রয়েছে। অন্যদিকে, অ্যাক্সেলেরোমিটার, গাইরোস্কোপ, ম্যাগনেটোমিটার, অ্যাম্বিয়্যান্ট লাইট এবং প্রক্সিমিটি সেন্সর আছে। ফিঙ্গারপ্রিন্ট সেন্সরটি ফোনের ডিসপ্লের নীচে রয়েছে। অবশ্য আইকিও ৭ সিরিজের গ্লোবাল ভ্যারিয়্যান্ট কবে বাজারে আসবে তা নিয়ে ভিভো এখনও কিছু জানায়নি।

এসার ক্রোমবুক স্পিন ৫১৪

সাধারণ ব্যবহারকারীদের জন্য নতুন ল্যাপটপ ক্রোমবুক স্পিন ৫১৪ লঞ্চ করেছে এসার। এই ল্যাপটপে ১৪ ইঞ্চির ফুল এইচডি আইপিএস টাচস্ক্রিন ডিসপ্লে রয়েছে। ডিসপ্লের ওপরে কর্মিং গোরিলা গ্লাসের প্রোটেকশন রয়েছে। এতে ব্যাকলিট কিবোর্ড ব্যবহার করেছে এসার। এতে ১৬ জিবি পর্যন্ত ডিডিআর ৪ র‌্যাম ও ২৫৬ জিবি পর্যন্ত স্টোরেজ আছে। এই ল্যাপটপের এএমডি রেজন ৭ ৩৭০০সি এবং রেজন ৫ ৩৫০০সি প্রসেসরের দুটি মডেল বাজারে এসেছে। একবার চার্জে ল্যাপটপটি ১০ ঘণ্টা কাজ করবে বলে এসারের দাবি। এতে দুটি টাইপ সি ইউএসবি পোর্ট, একটি মাইক্রোএসডি কার্ড রিডার, একটি এইচডিএমআই পোর্ট রয়েছে। এছাড়া ডুয়াল স্টিরিও স্পিকার, ডুয়াল মাইক্রোফোন এবং গুগল অ্যাসিস্ট্যান্ট সাপোর্ট যোগ করা হয়েছে। কানেক্টিভিটির জন্য ওয়াইফাই, ব্লুটুথ ৫.০, এইচডি ওয়েবক্যাম রয়েছে।

গ্যালাক্সি বাডস প্রো

১৪ জানুয়ারি গ্যালাক্সি আনবক্স ২০২১ অনুষ্ঠান থেকে গ্যালাক্সি এস ২১ সিরিজ লঞ্চ করতে চলেছে স্যামসাং। এই অনুষ্ঠান থেকেই গ্যালাক্সি বাডস প্রো ট্রু ওয়্যারলেস ইয়ারফোন লঞ্চ করতে চলেছে তারা। একটি কানাডিয়ান সংস্থা ভুল করে বিষয়টি প্রকাশ করে ফেলেছে। বাডস প্রো–তে উন্নত অ্যাক্টিভ নয়েজ ক্যানসেলেশন রয়েছে। একইসঙ্গে আছে আইপিএক্স৭ ওয়াটার রেজিস্ট্যান্স।

কানাডার ওই সংস্থার প্রকাশিত তালিকা থেকে জানা গিয়েছে, কালো, রুপোলি ও বেগুনি রঙে বাডস প্রো পাওয়া যাবে। যদিও ওই তালিকায় গ্যালাক্সি অ্যাটিক লেখা রয়েছে। তবে আগে বিভিন্ন টিপস্টার জানিয়েছেন, অ্যাটিক আদতে গ্যালাক্সি বাডস প্রো'র কোড নাম। এমনকি রিটেলারের সাইটেও এই গেজেটকে গ্যালাক্সি বাডস প্রো বলা হয়েছে। ওই তালিকা অনুযায়ী, এর ইয়ারবাডগুলিতে ১১ মিলিমিটারের উফার এবং ৬.৫ মিলিমিটারের টুইটার আছে। ইয়ারবাডে নির্দিষ্ট অ্যাম্বিয়্যান্ট সাউন্ড মোড আছে, যা অ্যাপলের এয়ারপডস প্রো–তে থাকা ট্রান্সপারেন্সি মোডের মতোই কাজ করে। এর ফলে ইয়ারফোনে গান শোনার সময়ও ব্যবহারকারী পারিপার্শ্বিক আওয়াজ শুনতে পারবেন। একবার চার্জে ইয়ারবাডগুলি পাঁচ ঘণ্টা কাজ করবে বলে স্যামসাংয়ের দাবি।

ফেসবুকে আপডেট

নির্দিষ্ট কিছু পেজ থেকে লাইক বাটন সরিয়ে নিয়েছে ফেসবুক। অর্থাৎ ওই পেজগুলিকে এখন থেকে আর লাইক করতে হবে না। তবে নির্দিষ্ট নিউজ ফিডের মাধ্যমে পেজের ফলোয়াররা কমেন্ট করতে পারবেন। এর মধ্যে শিল্পী, ব্র্যান্ড ও বিভিন্ন পাবলিক ফিগারের পেজ রয়েছে। সম্প্রতি একটি ব্লগ পোস্টে ফেসবুক কর্তৃপক্ষ একথা জানিয়েছে। সেখানে তারা লিখেছে, আমরা বিভিন্ন পেজ থেকে লাইক বাটনটি সরিয়ে নিয়েছি। পাশাপাশি, ফলোয়াররা যাতে তাঁদের প্রিয় পেজের সঙ্গে সহজেই কানেক্ট করতে পারেন, সেই বিষয়টি নিয়ে আমরা কাজ করছি। সম্প্রতি ওই পেজগুলিতে কিছু পরিবর্তন করা হয়েছে। এর মধ্যে রিডিজাইনড লেআউট, নিউজ ফিড, সুবিধাজনক নেভিগেশন, টাস্ক–বেসড অ্যাডমিন কন্ট্রোল সহ নতুন নিরাপত্তা বিষয়ক ফিচার রয়েছে। নতুন লেআউটের জন্য পার্সোনাল প্রোফাইল থেকে পেজে যাতায়াত করা সহজ হয়েছে।

লেনোভো যোগা স্লিম ৭আই প্রো

লেনোভো যোগা স্লিম ৭আই প্রো ল্যাপটপের ওএলইডি ডিসপ্লে সংস্করণ প্রকাশ্যে এসেছে। সিইএস ২০২১ ইভেন্টে এটি লঞ্চ করেছে লেনোভো। গ্লোবাল মার্কেটে এটি লঞ্চ করা বা এর বিক্রি নিয়ে লেনোভো এখনও কিছু জানায়নি। তবে মনে করা হচ্ছে চলতি বছরের দ্বিতীয় ভাগে এর বিক্রি শুরু হবে। গত বছর অগাস্ট মাসে এই ল্যাপটপের এলসিডি ডিসপ্লে সংস্করণ বাজারে এনেছিল তারা। সংস্থার দাবি, এলসিডির তুলনায় ওএলইডি ডিসপ্লেতে চোখের ক্ষতি অন্তত ৭০ শতাংশ কম হয়। এই ল্যাপটপের ডিসপ্লে ১৪ ইঞ্চি। ডিসপ্লের রিফ্রেশ রেট ৯০ হার্টজ। এতে একাদশ প্রজন্মের ইন্টেল কোর আই৭ প্রসেসর আছে। এছাড়া ১৬ জিবি পর্যন্ত র‌্যাম এবং ১ টিবি পর্যন্ত এসএসডি স্টোরেজ আছে। এই ল্যাপটপে ইন্টেলের আইরিস এক্সই গ্রাফিক্স এবং ডলবি ভিশন এইচডিআর সাপোর্ট রয়েছে।

ভিভো ওয়াই ৫১এ

ভারতে নতুন ফোন ওয়াই ৫১এ লঞ্চ করেছে ভিভো। ৮ জিবি র‌্যাম ও ১২৮ জিবি স্টোরেজের একটি মডেলেই ফোনটি পাওয়া যাচ্ছে। তবে মাইক্রোএসডি কার্ডের সাহায্যে এর স্টোরেজ ১ টিবি পর্যন্ত বাড়ানো যাবে। ভিভোর এই নতুন স্মার্টফোনে কোয়ালকমের স্ন্যাপড্রাগন ৬৬২ চিপসেট আছে। অ্যানড্রয়েড ১১ ভিত্তিক ফানটাচ ওএস ১১ রয়েছে এই ফোনে। এর ডিসপ্লের মাপ ৬.৫৮ ইঞ্চি। ফুল এইচডি এলসিডি ডিসপ্লে আছে এতে। ফোনের পেছনে তিনটি সেন্সর আছে, যার মধ্যে প্রাইমারি ক্যামেরাটি ৪৮ মেগাপিক্সেলের। এছাড়া ৮ মেগাপিক্সেলের আল্ট্রাওয়াইড লেন্স এবং ২ মেগাপিক্সেলের অ্যাডিশনাল শুটার আছে। সেলফি তোলার জন্য ১৬ মেগাপিক্সেলের একটিই সেন্সর আছে। ৫,০০০ এমএএইচ ব্যাটারির সঙ্গে ১৮ ওয়াটের ফাস্ট চার্জ সাপোর্ট রয়েছে। কানেক্টিভিটির জন্য ওয়াইফাই, ব্লুটুথ ৫.০, টাইপ সি ইউএসবি ইত্যাদি রয়েছে। ফিঙ্গারপ্রিন্ট সেন্সরটি ফোনের পাশে অবস্থিত।

ভারতের বাজারে ওয়ানপ্লাস ব্যান্ড

ভারতের বাজারে নিজেদের প্রথম ওয়্যারেবল ডিভাইস ওয়ানপ্লাস ব্যান্ড লঞ্চ করেছে এই চিনা সংস্থাটি। এতে ১.১ ইঞ্চির অ্যামোলেড ডিসপ্লে রয়েছে। ডিসপ্লেতে টাচ সাপোর্টও আছে। এতে রক্তে অক্সিজেন মাপা বা হার্ট রেট মনিটর করার জন্য পৃথক সেন্সর রয়েছে। একই সঙ্গে থ্রি অ্যাক্সিস অ্যাক্সেলেরোমিটার ও গাইরোস্কোপ আছে। এই ফিটনেস ব্যান্ডে ঘরের ভেতরে ও বাইরে দৌড়োনো বা সাইকেল চালানোর তথ্য আলাদাভাবে পাওয়া সম্ভব। এছাড়া ক্রিকেট, ব্যাডমিন্টন, সাঁতার কাটা ও যোগা সহ ১৩টি বিশেষ স্পোর্টস মোড আছে। জলনিরোধক হওয়ার ক্ষেত্রে এতে আইপি৬৮ সার্টিফিকেশন এবং ৫এটিএম ওয়াটার–রেজিস্ট্যান্ট রেটিং রয়েছে। এমনকি একটি পর্যায় পর্যন্ত ধুলো প্রতিরোধ করার ক্ষমতাও ওয়ানপ্লাস ব্যান্ডের আছে। এর সেন্সর ব্যবহার করে ব্যবহারকারীর স্লিপ প্যাটার্ন বের করা সম্ভব। ওয়ানপ্লাস হেলথ অ্যাপ ব্যবহার করে রক্তে কতটা অক্সিজেন আছে তা দেখে ব্যবহারকারীর স্বাস্থ্যসম্পর্কিত তথ্য পাওয়া যাবে। যদিও চিকিৎসার ক্ষেত্রে এই ব্যান্ড থেকে পাওয়া তথ্যে নির্ভর না করাই ভালো বলে ওয়ানপ্লাস জানিয়েছে। হার্ট রেটে কোনও অস্বাভাবিকতা থাকলে এই ব্যান্ড ব্যবহারকারীকে তা জানাবে। যেসব ডিভাইসে অন্তত ৬.০ সংস্করণ বা তারপরের অ্যানড্রয়েড আছে, তার সঙ্গে এই ব্যান্ড কানেক্ট করতে পারবে। আইওএস প্ল্যাটফর্মের জন্য ওয়ানপ্লাস হেলথ অ্যাপের একটি বিশেষ সংস্করণ তৈরি করা হয়েছে। কানেক্টিভিটির জন্য এতে ব্লুটুথ ৫.০ আছে। এই ব্যান্ডে মেসেজের নোটিফিকেশন, ফোন ধরা বা কেটে দেওয়ার সুযোগ, মিউজিক প্লেব্যাক নিয়ন্ত্রণের ক্ষমতা পাওয়া যাবে। এমনকি ছবি তোলার সময় ব্যান্ডটিকে ক্যামেরার রিমোট হিসেবে ব্যবহার করা যাবে। এতে ১০০ এমএএইচ ব্যাটারি আছে। একবার চার্জে এই ডিভাইস টানা ১৪ দিন কাজ করবে বলে ওয়ানপ্লাসের দাবি।